

সরকারী অফিসে বাংলা ইউনিকোড ব্যবহার সংক্রান্ত নির্দেশনা

মন্ত্রিপরিষদ বিভাগের ০১ জুন, ২০১১ তারিখের প্রজ্ঞাপন নং ০৪.২২২.০৪৫.০০.০১.০০৭.২০১০.৩১ দ্বারা সরকারী অফিসে বাংলা ইউনিকোড ব্যবহার সংক্রান্ত নিম্নরূপ নির্দেশনা জারি করা হয় :

"সরকারি সিদ্ধান্ত অনুসারে সরকারি কাজে কম্পিউটারে বাংলার ব্যবহার দ্রুত প্রমিতকরণ নিশ্চিতকরণসহ সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ দপ্তরসমূহে অনতিবিলম্বে বাংলা ইউনিকোড-এর ব্যবহার শুরু করতে হবে। সেমতে ইউনিকোড-৬.০ ফন্ট-এর জরুরী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের উদ্যোগে ইউনিকোড কনসোর্টিয়ামের গৃহীত মান UNICODE 6.0 এর আলোকে BDS 1520:2011 Specification for Bangla Coded Character set for Information Interchange বাংলাদেশ মানটি Bangladesh Standards and Testing Institution (BSTI) কর্তৃক গত ১৫-০২-২০১১ তারিখে জাতীয় মান হিসেবে গৃহীত হয়েছে। সেইসঙ্গে UNICODE 6.0 মানের কয়েকটি ফন্টের তালিকা কম্পিউটারে ব্যবহারের সুবিধার্থে নিম্নে উল্লেখ করা হলো :

ক্রমিক নং	ফন্ট	স্বত্বাধিকারী
১।	নিকস (NIKOSH)	বাংলাদেশ নির্বাচন কমিশন
২।	সোলায়মানলিপি (Solaimanlipi)	মুক্ত লাইসেন্স
৩।	বৃন্দা (Vrinda)	মাইক্রোসফট কর্পোরেশন
৪।	সুতনী ওএমজে (SutonnyOMJ)	আনন্দ কম্পিউটারস
৫।	মুক্তি (Mukti)	দিন্যাক

২। বর্ণিত অবস্থার আলোকে সরকারি কাজে কম্পিউটারে বাংলা দ্রুত প্রমিতকরণ নিশ্চিতকরণের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরসমূহে উল্লিখিত ইউনিকোড-৬.০ ফন্ট ব্যবহার করতে হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।"